



সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে মানসিক স্বাস্থ্য বিষয়ক সেশন শুরু**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) মানসিক স্বাস্থ্য বিষয়ক ‘হিলিং থ্রো এক্সপ্‌রেশন’ শীর্ষক সেশন শুরু হয়েছে। আজ মঙ্গলবার (৫ নভেম্বর ২০২৪) একাডেমিক ভবন-২ এর কনফারেন্স রুমে এই সেশনের প্রথম আয়োজন অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর উদ্বোধন করেন।

প্রধান অতিথির বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, ‘হিলিং থ্রো এক্সপ্‌রেশন’ সেশনের লক্ষ্য শিক্ষার্থীদের আবেগ প্রকাশের সুযোগ তৈরি করা এবং মানসিক সুস্থতা ও স্থিতিশীলতা পুনরুদ্ধারে সহায়তা করা। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এই উদ্যোগের মাধ্যমে শিক্ষার্থীদের জন্য এক নিরাপদ ও সমর্থনমূলক পরিবেশ তৈরির আশাবাদ ব্যক্ত করছি, যা তাদের মানসিক চাপ কমাতে এবং সুস্থ জীবনযাত্রার পথে অগ্রসর হতে সহায়তা করবে। এসময় তিনি শিক্ষার্থীদের জীবন চলার পথে সঠিক বন্ধু নির্বাচনের পরামর্শ দেন।

নোবিপ্রবি মেডিকেল সেন্টারের চীফ মেডিকেল অফিসার (প্রশাসন) ড. মো. মফিজুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মো. ড. আতিকুর রহমান ভূঞা। সেশন আলোচক হিসেবে ছিলেন মেডিকেল সেন্টারের সাইকোলজিস্ট মো. আবু তারেক।

প্রসঙ্গত, সাম্প্রতিক কোটা আন্দোলন ও ভয়াবহ বন্যা পরিস্থিতি বাংলাদেশের শিক্ষার্থীদের মানসিক স্থিতি ও আবেগের জায়গায় গভীর প্রভাব ফেলেছে। এ প্রেক্ষাপটে শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য পুনরুদ্ধারের উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার থেকে প্রাথমিক পর্যায়ে মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের শিক্ষার্থীদের জন্য বিশেষ এই সেশনটি পরিচালিত হয়েছে। ধারাবাহিকভাবে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগে এই সেশন অনুষ্ঠিত হবে, যা শিক্ষার্থীদের মানসিক চাপ ও ট্রমা কাটিয়ে উঠতে সহায়ক ভূমিকা রাখবে।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪